সংবাদ

25 FEB 2003

বাংলা ভাষায় বিজ্ঞ

ডা. মিনতি অধিকারী

মাতৃভাষার মাধ্যম ব্যতীত নেই শিক্ষার সম্পূর্ণতা। শিক্ষার সর্বজনীনতাও সম্ভব কেবলমাত্র মাতৃভাষার মাধ্যমেই। মাতৃভাষায় যেকোন বিষয়ে শিক্ষাদানের সফলতা নিঃসন্দেহে পতিশ্রুতিপূর্ণ। একথা সর্বজনস্বীকৃত যে, শিক্ষার ক্ষেত্রে মাতৃভাষা মাতৃদুগ্ধের মতোই পুষ্টিকর, অজ্ঞ মানসে জ্ঞানের উদ্বোধনে মাতৃভাষাই শুধু উপযুক্ত কেন, সর্বশ্রেষ্ঠ কারিগর। বিষয় যতই পৃথক হোক, মাতৃভাষাই তার অন্তরস্পর্শী শিক্ষাদাত্রী। কিন্তু দুঃখের বিষয় আমাদের মাতৃভাষা বাংলার মতো সমৃদ্ধ ভাষাকে পরিহার করে আমরা ইংরেজি ভাষাকে বিজ্ঞান শিক্ষা-সঞ্চারিণী ভাষা সরস্বতীর সিংহাসনে অভিষিক্ত করেছি। বিজ্ঞান শিক্ষার ক্ষেত্রে ইংরেজি ভাষার সেই অভিষেক চিরস্থায়ী বন্দোবস্তের মতো অপরিবর্তনীয়, তা স্বদেশী ও বিদেশী সকলের প্রচারে আমাদের মনে বদ্ধমূল হয়ে আছে। এ দাস মনোবৃত্তির এক নির্লজ্জ প্রকাশ। বলা বাহুল্য তার ফলও আমাদের জীবনে শুভ হয়নি। রবীন্দ্রনাথ বলেছেন, 'এক তো, ইংরেজি ভাষাটা অতিমাত্রায় বিজাতীয় ভাষা। শব্দ বিন্যাস পদ বিন্যাস সম্বন্ধে আমাদের ভাষার সহিত তাহার কোন প্রকার মিল নাই। তাহার পরে আবার ভাব বিন্যাস এবং বিষয়-প্রসঙ্গও বিদেশী। আগাগোড়া কিছুতেই পরিচিত নহে, সুতরাং ধারণা জন্মিবার পূর্বেই মুখস্থ আরম্ভ করিতে হয়।' অর্থাৎ আমাদের উচ্চ শিক্ষার ক্ষেত্রে ইংরেজি ভাষা-বাহিনী বিজ্ঞান শিক্ষা, যা প্রধানত মুখস্থ ভরসা, তার অধিকাংশেরই ঘটে বেদনাদায়ক অপচয়। মাতৃভাষা বাংলা বলেই বাঙালি সন্তানকে নৌকাডুবির দণ্ড দেয়া হয় আংশিক শিক্ষার অভিশাপ দিয়ে। মহাভারতের ভাগ্যহত কর্ণের মতো 'বিজ্ঞান শিক্ষা তাদের মনের মধ্যে থাকে জমাট বেঁধে, ঋষি অভিশাপে অধীত বিদ্যাকে প্রয়োগ করতে তারা অক্ষম। ইউরোপের বিভিন্ন দেশে মাতৃভাষাতেই বিজ্ঞানচর্চার পদ্ধতি প্রতিষ্ঠিত হয়েছে। কিন্তু এশিয়া, আফ্রিকা এবং লাতিন আমেরিকার বিভিন্ন অংশে ঔপনিবেশিক শাসনমুক্ত স্বাধীন দেশসমূহে মাতৃভাষায় বিজ্ঞানচর্চার প্রচলন তেমন ব্যাপক নয়। ঔপনিবেশিক শাসকরা নিজেদের স্বার্থ রক্ষার প্রয়োজনের সঙ্গে সঙ্গতি বজায় রেখেই বিজ্ঞানচর্চার সুযোগ ও সম্ভাবনার প্রসার ঘটিয়েছে। উপরন্তু তারা ঔপনিবেশে জনসাধারণের ভাষাকে বিজ্ঞানচর্চার অনুপযুক্ত বলে প্রচার করেছে। এর ফলে মাতৃভাষায় বিজ্ঞান শিক্ষার ক্ষেত্রে সৃষ্টি হয়েছে এক ধরনের হীনম্মন্যতা বোধ। এমনকি বহু আবেদন-নিবেদন, আন্দোলন ও অনুরোধ-উপরোধের পর যখন এদেশে বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং, চিকিৎসা বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার কুণ্ঠিত প্রচলন হলো তখন তাকে অষ্টেপৃষ্ঠে ইংরেজি ভাষার লৌহ পেটিকায় বন্দি করে রাখা হলো। ঔপনিবেশিক শক্তির পতনের অর্ধশত বছর পরও স্বাধীন বাংলাদেশেও বিজ্ঞানচর্চাকে সে বন্দিত্ব থেকে মুক্তি দেয়া সম্ভব হয়নি। পৃথিবীর বিভিন্ন উন্নত দেশে মাতৃভাষাচর্চায় যথেষ্ট গুরুত্ব আরোপ করা হয়। 'স্পেশালাইজড' কোন বিদ্যায়নে প্রবেশের পূর্বেই বিদ্যার্থীরা মাতৃভাষায় দক্ষতা অর্জন করে এবং তারপর বিশেষ যে বিদ্যাটি তারা অর্জনে প্রবৃত্ত হয় তারও চর্চা চলে মাতৃভাষার মাধ্যমে। এর ফলে তাদের ভাষা যেমন সমৃদ্ধির সুযোগ পায়, বিভিন্ন বিদ্যাচর্চারও তেমনি সমূহ উন্নতি ঘটে। এদেশে বিদ্যাচর্চায় মাতৃভাষা যথোচিত সম্মান পায় না বলেই আমাদের সাহিত্যে 'ভোজের আয়োজন'টাই বড়। আমরা রস সৃষ্টির নামে সাহিত্যকে সংবাদ বানাই আর সংবাদকে বানাই সাহিত্য, কিন্তু জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন ধারার সঙ্গে পরিচিতির অভাবে জাতি যে ক্রমশই পঙ্গু ও দুর্বল হয়ে পড়ছে, তা একবারের জন্যও ভেবে দেখি না।

উচ্চতর শিক্ষা লাভের ক্ষেত্রে বিদেশী ভাষায় লিখিত পুস্তক অধ্যয়ন করতে হয় বিধায় সেই ভাষার সঙ্গে বিদ্যার্থীদের পরিচিতিটা অন্তরঙ্গ তো দূরের কথা, ওপর- ওপরও হয় না। ফলে কাঠামো বাদ দিয়ে গড়লে মাটির মূর্তিতে যেমন ফাটল ধরে, তাদের অধীত বিদ্যায়ও তেমনি অসংখ্য ত্রুটি থেকে যায়। অন্যদিকে মাতৃভাষার সঙ্গে অন্তরঙ্গ পরিচিতি আমাদের প্রকাশ ক্ষমতা বাড়াতে অর্থাৎ অধীত বিষয়বস্তুকে শুদ্ধ ও স্পষ্টভাবে প্রকাশ করতে সাহায্য করে। এইচ.জি ওয়েলসের 'আউট লাইন অব ওয়ার্ল্ড হিস্ট্রি' বা উইল ডুরান্টের 'দ্য স্টোরি অফ ফিলোসফি' বা স্যার জেমস জিনসের 'দ্য মিসটিরিয়াস ইউনিভার্স' তার প্রমাণ। প্রসঙ্গত প্রশ্ন উঠতে পারে বাংলা ভাষায় বিজ্ঞানচর্চা করা যায় কিনা, কারণ অধিকাংশ বিজ্ঞান বিষয়ক গ্রন্থ তো ইংরেজি ভাষায় রচিত। প্রাচীন বিজ্ঞানে অগ্রসর দেশসমূহ যেমন ইংল্যান্ড কিংবা আমেরিকাতে ইংরেজি মাতৃভাষা। সেহেতু এ ধারণা খুবই স্বাভাবিক; কিন্তু মনে রাখতে হবে আধুনিক বিশ্বে যেমন চীন, জাপান, জার্মানি, রাশিয়া, ফ্রান্স, ইতালি প্রভৃতি দেশ প্রযুক্তিবিদ্যায় যথেষ্ট অগ্রসর। এইসব দেশে বিজ্ঞান শিক্ষাসহ যেকোন স্তরের বিদ্যা ও শিক্ষায় মাতৃভাষা অগ্রগণ্য ভূমিকা গ্রহণ করেছে। ওইসব দেশে মাতৃভাষায় বিজ্ঞানচর্চা সম্ভব হলে বাংলা ভাষায় বিজ্ঞানচর্চার সমস্যা কোথায়? বর্তমান বাংলাদেশে উচ্চতম স্তরে বিশেষ করে চিকিৎসা বিজ্ঞান, প্রকৌশল বিজ্ঞান ও কৃষি বিজ্ঞান চর্চায় ইংরেজি মাধ্যমের স্থায়িত্ব রক্ষার অনুকূলে যেসব কুযুক্তি প্রদর্শিত হয় সেগুলো হলো : এক. বিজ্ঞান বিষয়ে বাংলার প্রকাশ ক্ষমতা অত্যন্ত দীন; দুই. বাংলায় বিজ্ঞান বিষয়ের উপযুক্ত পারিভাষিক শব্দের অভাব; তিন. বাংলা ভাষায় বিজ্ঞানচর্চার উপযুক্ত ঐতিহ্যের অভাব; চার. বাংলা ভাষার প্রচার 'সীমিত', অথচ বিজ্ঞান একটি আন... বিষয়-কাজেই তার পঠন-পাঠন আন্তর্জাতি... ইংরেজি মাধ্যমেই অনুষ্ঠিত হওয়া উচিত... আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলা ভাষা-বাহিনী... শিক্ষার কোন ভবিষ্যৎ নেই। যুক্তিগুলোর... বলা যায় : এক. বিজ্ঞান বিষয়ে বাংলা... ক্ষমতার সীমা সুদূর প্রসারিত এবং বহু সন্... আধুনিক বাংলায় বিজ্ঞানচর্চার সূত্রপাত... বাংলা গদ্য সাহিত্যের আদিপর্বে, শ্রীরাম... থেকে উইলিয়ম কেরি, মার্শম্যান প্রমু... অনূদিত নানা বিজ্ঞান বিষয়ক গ্রন্থ প্রক... দিয়ে। কেরির পুত্র ফেলিকস্ কেরি... 'বিদ্যাহারাবলী' চিকিৎসাশাস্ত্র বিষয়ক গ্রন্থ... প্রসঙ্গে স্মরণীয়। বাংলা ভাষায় বিজ্ঞা... যুগের পত্রপত্রিকাগুলোর ভূমিকা... লক্ষণীয়, 'সমাচার চন্দ্রিকা', 'জ্ঞান... 'বিজ্ঞান সেবধি' সে যুগে বিজ্ঞান আলো... ভূমিকা গ্রহণ করেছিল। এছাড়া অক্ষয়... সম্পাদিত 'তত্ত্ববোধিনী' পত্রিকা উন্... বাংলা ভাষায় বিজ্ঞানচর্চায় নব... করেছিল। এই পত্রিকা সর্বপ্রথম... আধুনিক জ্ঞান-বিজ্ঞানের কৌতূহল... হয়েছিল। 'বাহ্যবস্তুর সঙ্গে মানব... বিচার' গ্রন্থে অক্ষয় কুমার দত্ত... জগৎ ও মানব জগতের সম্পর্ক... বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির পরিচয় দি... 'পদার্থ বিদ্যা' প্রবন্ধ গ্রন্থটি... বিজ্ঞানভিত্তিক প্রবন্ধের অন্যতম।... প্রথমার্ধে তিনিই প্রথম সৃষ্টিশীল... বাংলা সাহিত্যের ভিত্তি স্থাপন... আচার্য জগদীশ বসু বাংলাদে... সুবর্ণযুগের সূচনা করেন। তিনি... 'বিজ্ঞান মন্দির' প্রতিষ্ঠা করে... সাধনার ক্ষেত্রে তরুণ গবেষক... তার বিজ্ঞান সাধনা এখানে... মাতৃভাষা বাংলায় বিজ্ঞানের... ভঙ্গিতে শিল্প সুষমামণ্ডিত ক... গ্রন্থ রচনা করেছেন। বাংলা... 'অব্যক্ত'র মতো বই পড়লে... কিভাবে মাতৃভাষার সহায়ে সাহিত্য...

শিক্ষায় মাতৃভাষাই মাতৃদুগ্ধ। বাংলা ভাষায় বিজ্ঞানচর্চায় সুযো... অভাব নেই। অভাব কেবল বাংলা ভাষার প্রতি বাঙালির শ্রদ্ধা... সহানুভূতির। কবিগুরু বড় আক্ষেপ করে বলেছিলেন-'আমরা র... স্বরাজ পাবার জন্য প্রাণপণ দুঃখ স্বীকার করি, কিন্তু শিক্ষার ক্ষেত্রে... পাবার উৎসাহ জাগেনি বললেই চলে।' স্বাধীনতা লাভের পর ব... বিজ্ঞানচর্চার ক্ষেত্রে মাতৃভাষা প্রয়োগের জন্য প্রয়োজনীয় কিছু... নেয়া হয়েছে। উচ্চ মাধ্যমিক পর্যন্ত বাংলা ভাষায় বিজ্ঞান শিক্ষা... হয়েছে। আগামীকালে বিজ্ঞানকে গণমুখী করতে হলে চিকিৎসা... অন্যান্য উচ্চতর শিক্ষার ক্ষেত্রে বিজ্ঞান বিষয়ে গ্রন্থ রচনা প্র...

...প্রকল্পের কৃষকদের মধ্যে পানির জন... ...হচ্ছে; কিন্তু পানির অভাবে এ চারাগুলো... যাচ্ছে। কিন্তু কিছু বীজতলার চারা ও... কর্তাদের কোন নজর নেই

বান্দরবানের আ... অবনতি ॥ খুন, ... চুরির ঘ...

বান্দরবান থেকে সংবাদদাতা : দে... ...র্ব দক্ষিণ-পূর্ব কোণে অবস্থিত পা... ...জলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির ...াগে চরম অবনতি হয়েছে। -এ স... যুবলীগ নেতাসহ খুন হয়েছে ৪ জ... ...হরণ ও চুরির ঘটনা বেড়েছে ... ...কোন সময়ের চেয়ে বেশি। স... ...উমন্ত্রীর বান্দরবান অবস্থানকালে ...ফিসের এক কেরানি অপহরণ হয়ে... ...জনমনে চরম নিরাপত্তাহীনতা দে...

সম্প্রতি পরিচালিত 'অপারেশ... ...নহার্ট' চলাকালে এই পার্বত্য জেলাটি... ...াইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকলে... ...ই অভিযান সমাপ্ত হওয়ার পর সার্বি... ...রিস্থিতি আবারও নিয়ন্ত্রণের বাইরে চ... ...ছে বলে স্থানীয় বাসিন্দারা অভিযো... ...পেছে। চুরি, অপহরণ ও চাঁদাবাজি... ...টনায় জনমনে চরম উৎকণ্ঠা বিরাজ... ...রছে।

গত ১৭ই ফেব্রুয়ারি জেলা সদরে... ...বলীগ নেতা কে.এন (অনিক) বড়ুয়াকে... ...ত্রাসীরা জবাই করে হত্যা করে। তা... ...ত্যাকাণ্ড নিয়ে অনেক প্রতিবাদ, সমাবেশ... ...লেও এখন পর্যন্ত পুলিশ এই হত্যাকাণ্ডের ...কোন তথ্য উদঘাটন করতে পারেনি বলে... ...ওয়ামী লীগ নেতৃবৃন্দ অভিযোগ ...লেছেন। গত ২১শে ফেব্রুয়ারি বান্দরবান ...প্রেসক্লাব চত্বরে 'বান্দরবানের সর্বস্তরের ...জনসাধারণ' ব্যানারে এক প্রতিবাদ ...সমাবেশ থেকে কে.এন বড়ুয়ার...